দুর্গাপুরে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত মুদি দোকানীকে অর্থিক সাহায্য প্রদান

দুর্গাপুর প্রতিনিধি- রাজশাহীর দুর্গাপুরে মুদি দোকানে অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতিগ্রস্থ শামসুল হককে উপজেলা পরিষদের পক্ষ হতে ১০ হাজার টাকার চেক ও শুকনো খাবার তুলে দিয়েছেন মানবিক ইউএনও সাবরিনা শারমিন।

১ অক্টোবর মঙ্গলবার ক্ষতিগ্রস্থ দোকানীকে উপজেলা পরিষদে এই মানবিক সহযোগিতা প্রদান করা হয়। জানা যায়, উপজেলা ঝালুকা ইউপির ভাঙ্গীপাড়া কড়াই তলা মোড়ে ২৭ সেপ্টেম্বর রাতে শামসুল হকের মুদি দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এলাকাবাসী ও ফায়ারসার্ভিস এন্ড সিভিল ডিফেন্স দুর্গাপুর ইউনিটের সহযোগিতা আগুন নিয়ন্ত্রণে আসে। অগ্নিকান্ডে পুড়ে দোকানীর লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত দোকানীকে উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও সাবরিনা শারমিন চেক ও খাবার বিতরণ করেন, এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাহবুবা আক্তার, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা খাদ্য কর্মকর্তা প্রমুখ।

অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ শামসুল হক জানান, গভীর রাতে লাগা অগ্নিকান্ডে আমার সব শেষ কিভাবে ঘুরে দাঁড়াবো তা ভেবে পাচ্ছিনা। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আমায় মানবিক সহযোগিতা ও শুকনো খাদ্য প্রদান করা হয়েছে।

এবিষয়ে দুর্গাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও সাবরিনা শারমিন জানান, অগ্নিকান্ডের ক্ষতিগ্রস্ত দোকান পরিদর্শন পূর্বক তৎক্ষণাৎ উপজেলা পরিষদের পক্ষ থেকে ১০ হাজার টাকা আর্থিক সহযোগিতা করা হয়েছে ও তার পরিবার পরিচালনার জন্য শুকনো খাবার দেয়া হয়েছে। পরবর্তীতে তাকে আরও সহযোগিতা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।